গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড**
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা।
(www.wewb.gov.bd)

নং- ৪৯.০৪.০০০০.০১০.০০.২১০১৯.১৫.২১১১ http://allbdresults.com তারিখঃ ১৬/০৩/২০১৫খ্রিঃ।

## বিজ্ঞপ্তি

## প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের ২০১৫ সালের শিক্ষা বৃত্তির জন্য দরখাস্ত আহ্বান

প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের মধ্যে যারা বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ৬ষ্ঠ শ্রেণী/সমমান, ৯ম শ্রেণী/সমমান, এইচএসসি/সমমান এবং পাবলিক বিশ্ববিদ্যালয়/পাবলিক মেডিকেল কলেজে ১ম বর্ষ/ ১ম সেমিস্টারে অধ্যয়নরত তাদের মধ্য থেকে নির্ধারিত সংখ্যক ছাত্র/ছাত্রীকে বৃত্তি প্রদানের নিমিত্ত নিম্নলিখিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

**শর্তাবলীঃ**

১) আবেদনকারীকে পিএসসি/সমমান অথবা জেএসসি/সমমান অথবা এসএসসি/সমমান অথবা এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্ত হতে হবে। তবে প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর সন্তানগন জিপিএ-৪ প্রাপ্ত হলে আবেদন করতে পারবেন।

২) আবেদনকারীকে ২০১৫ সালে ৬ষ্ঠ শ্রেণী/সমমান অথবা ৯ম শ্রেণী/সমমান এবং ২০১৪ সালে একাদশ/সমমান অথবা পাবলিক বিশ্ববিদ্যালয়/পাবলিক মেডিকেল কলেজে ১ম বর্ষ /১ম সেমিষ্টারে অধ্যয়নরত হতে হবে।

৩) প্রবাসী কর্মীর আর্থিক অসচ্ছলতা বিবেচনায় তাদের মেধাবী সন্তানদের বৃত্তি প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে।

৪) বৈধভাবে গমনকারী/ বৈধভাবে কর্মরত অবস্থায় প্রবাসে মৃত্যুবরণ করেছেন এমন কর্মীর সন্তানেরা শিক্ষা বৃত্তির জন্য আবেদন করতে পারবে।

৫) i) পিএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী বৃত্তির জন্য মনোনীত হলে ৬ষ্ঠ-৮ম শ্রেণী ৩ বছর মাসিক ৭০০/-(সাতশত)টাকা হারে; জেএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীকে ৯ম-১০ম শ্রেণী ২ বছর মাসিক ১০০০/-(এক হাজার) টাকা হারে; এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীকে একাদশ ও দ্বাদশ/সমমান শ্রেণী পর্যন্ত ২ বছর মাসিক ১৫০০/-(এক হাজার পাঁচশত) টাকা হারে এবং এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীকে স্নাতক/ সম্মান শ্রেণী পর্যন্ত ৪ বছর মাসিক ২০০০/-(দুই হাজার) টাকা হারে বৃত্তি প্রদান করা হবে। এ ক্ষেত্রে শিক্ষার্থীর সেশনজট বিবেচনায় আনা হবে না।

ii) উক্ত বৃত্তির সাথে বাৎসরিক এককালীন বই ক্রয়সহ অন্যান্য খরচ হিসাবে পি এস সি/ সমমানের ক্ষেত্রে ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা, জে এস সি/ সমমানের ক্ষেত্রে ২০০০/- (দুই হাজার ) টাকা, এসএসসি/ সমমানের ক্ষেত্রে ৩০০০/- (তিন হাজার ) টাকা এবং এইচ এস সি / সমমানের ক্ষেত্রে ৩০০০/- (তিন হাজার ) টাকা প্রদান করা হবে।

৬) শিক্ষাবৃত্তির জন্য মনোনীত শিক্ষার্থীকে পরবর্তী বছরের বৃত্তির জন্য সংশ্লিষ্ট স্কুল/কলেজের প্রধান শিক্ষক/অধ্যক্ষ, বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে বিভাগীয় প্রধানের নিকট থেকে অধ্যয়নের অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন/প্রত্যয়নপত্র এবং নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৭। **আবেদনপত্রের সঙ্গে নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে ঃ**

i) পিতা/মাতা প্রবাসী কর্মী তার প্রমাণ হিসেবে আনুষঙ্গিক কাগজপত্রাদি (যেমনঃ পাসপোর্ট ও ভিসা, বিএমইটির বহির্গমন ছাড়পত্র/স্মার্ট কার্ড, প্রবাসে বৈধভাবে কর্মরত আছেন মর্মে দূতাবাস/হাইকমিশন কর্তৃক প্রত্যয়ন পত্র, সংশ্লিষ্ট নিয়োগকর্তা কর্তৃক প্রদত্ত আকামা/পরিচয়পত্র/সিভিল আইডি ইত্যাদি) সত্যায়িত ফটোকপি।

ii) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান /পৌর মেয়র /সিটি কর্পোরেশনের ক্ষেত্রে ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত শিক্ষার্থীর নাগরিক সনদপত্র।

iii) বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ষষ্ঠ/সমমান, নবম/সমমান, এইচএসসি/সমমান শ্রেণীতে অধ্যয়নরত শিক্ষার্থীকে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান এবং পাবলিক বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত শিক্ষার্থীকে সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান এবং পাবলিক মেডিকেল কলেজে অধ্যয়নরতদের ক্ষেত্রে সংশ্লিষ্ট অধ্যক্ষের নিকট থেকে প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

iV) শিক্ষার্থীর ৪(চার) কপি পাসপোর্ট এবং ২ কপি স্ট্যাম্প সাইজের ছবি(প্রতিষ্ঠান প্রধান/বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে বিভাগীয় প্রধান কর্তৃক সত্যায়িত)।

V) মূল নম্বর পত্রের (মার্কশীট) সত্যায়িত ফটোকপি(প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক সত্যায়িত)।

Vi) আর্থিক অসচ্ছলতার ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র এবং সিটি কর্পোরেশনের ক্ষেত্রে সংশ্লিষ্ট কাউন্সিলর/আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

৮) আবেদনপত্র সকল জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস হতে বিনামূল্যে এবং ওয়েবসাইট(www.wewb.gov.bd) হতে সংগ্রহ করা যাবে।

৯) আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে আনুষঙ্গিক কাগজপত্রাদিসহ আগামী ২০মে, ২০১৫খ্রিঃ তারিখের মধ্যে সংশ্লিষ্ট জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিসে (ডিইএমও) দাখিল করতে হবে। উক্ত তারিখের পরে কোন আবেদন গ্রহণ করা হবে না।

১০) বৃত্তি প্রদান সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গন্য হবে।

১১) অসম্পূর্ন ও ত্রুটিপূর্ণ আবেদন এবং চাহিদাকৃত কাগজপত্রাদি পাওয়া না গেলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১২) যে কোন তথ্যের জন্য জনাব মোঃ জাহিদ আনোয়ার, সহকারী পরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড ( ফোন নম্বর-০২-৯৩৫৪২৮৩) এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

http://allbdresults.com

মোঃ হাসান মারুফ
পরিচালক(তথ্য প্রযুক্তি, গবেষণা ও পরিকল্পনা)

এই ফরম বিনামূল্যে বিতরণের জন্য

পাসপোর্ট সাইজের ৪ কপি ও ২কপি স্টাম্প সাইজের সত্যায়িত ছবি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

প্রবাসী কল্যাণ ভবন

৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন,রমনা, ঢাকা।

(www.wewb.gov.bd)

পিএসসি, জেএসসি, এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তির আবেদন পত্র

১. আবেদনকারী ছাত্র/ছাত্রীর নাম (স্পষ্ট অক্ষরে) ঃ বাংলায় ঃ..........................................................................

ইংরেজি ঃ..........................................................................

শ্রেণী ঃ.........................................., রোল নম্বর ঃ..................................

বিভাগ/গ্রুপ ঃ .........................................., বর্ষ/সেমিস্টার ঃ..................................

২. পিতার নাম ঃ ..........................................................................

৩. মাতার নাম ঃ ..........................................................................

৪. অভিভাবকের নাম ও সম্পর্ক (পিতা/ মাতার অবর্তমানে) ঃ নাম ঃ..........................................................সম্পর্ক ঃ ..................................

৫. জন্ম তারিখ ও বয়স ঃ তারিখ ঃ .........../.........../.................., বয়স ঃ ...............................................বছর

৬. অধ্যয়নরত প্রতিষ্ঠানের নাম ঠিকানা ও ফোন নম্বর ঃ ..........................................................................

ফোনঃ..........................................................................

৭. পিএসসি/জেএসসি/এসএসসি/এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ গ্রেড ঃ ..........................................................................

৮. বর্তমান ঠিকানা ঃ ..........................................................................

..........................................................................

..........................................................................

৯. স্থায়ী ঠিকানা ঃ গ্রাম/ মহল্লা ঃ................................., ডাকঘর ঃ ..................................

উপজেলা/থানা ঃ................................., জেলা ঃ ..................................

১০. টেলিফোন/ মোবাইল নম্বর ঃ টেলিফোন ঃ................................., মোবাইল ঃ ..................................

১১. প্রবাসী পিতা/মাতার তথ্যাদি ঃ

| ক্র/নং | পাসপোর্ট নম্বর | দেশের নাম | কর্মস্থলের নাম- ঠিকানা | ফোন/ফ্যাক্স/ই-মেইল |
|---|---|---|---|---|
| ১. | | | | |
| ২. | | | | |
| ৩. | | | | |

১২. প্রবাসী কর্মী হিসেবে কর্মরত অবস্থায় মৃত্যুর ক্ষেত্রে মৃত্যুর তারিখ(দূতাবাস সনদসহ) ঃ................................., দেশের নাম ঃ ..................................

**সংযুক্তিঃ (প্রয়োজনে অতিরিক্ত কাগজ ব্যবহার করা যাবে)**

তারিখঃ..............................

..................................

ছাত্র/ছাত্রীর স্বাক্ষর

**( শিক্ষার্থীর অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক পূরণ করতে হবে)**

প্রত্যয়ন করা যাচ্ছে যে, (শিক্ষার্থীর নাম)ঃ .........................................................., পিতা ঃ .........................................................., মাতা ঃ..........................................................অত্র প্রতিষ্ঠানের একজন নিয়মিত ছাত্র/ছাত্রী । সে বর্তমানে .................................. শ্রেণী, রোল নম্বর ঃ ..........................বিভাগ/গ্রুপ ঃ ..........................অধ্যয়ন করছে। আমার জানা ও বিশ্বাসমতে সে উত্তম চরিত্রের অধিকারী এবং তার আচরন ও শিক্ষাগত অগ্রগতি সন্তোষজনক।

প্রতিষ্ঠানের নাম- ঠিকানা ও ফোন/মোবাইল নম্বর

..............................

শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/বিভাগীয় প্রধানের স্বাক্ষর

( নামযুক্ত সীলসহ)